

দরিদ্র আঞ্জুমান আরা এখন স্বাবলম্বী

আঞ্জুমান আরা বেগম সাতজ্জীরা জেলাধীন শ্যামনগর উপজেলার বিআরডিবি'র আওতাভুক্ত পূর্ব শংকরকাঠি মহিলা সমবায় সমিতির একজন সদস্য। সংসারে অভাব অনটনের মধ্যে সে দিন যাপন করত এবং তার জমির পরিমাণ ছিল সামান্য। তাই সংসারে অতিরিক্ত আয়ের পথ সৃষ্টির জন্য সে উদ্বীণ হয়ে পড়ে। ১৯৯৪ সালে সে বিআরডিবি'র মহিলা সমবায় সমিতির কার্যক্রমের কথা জানতে পারে এবং সমিতির সদস্য হিসাবে যোগদান করেন।



সমিতির সদস্য হওয়ার পর সে নিয়মিত শেয়ার সঞ্চয় দেওয়া শুরু করে। বর্তমানে তার নিজস্ব পুজি ১১,৩২৮/- টাকা এবং সমিতিতে মোট শেয়ার সঞ্চয় বাবদ ১,৩৭,২১৯/- টাকা জমা আছে। তিনি ১৯৯৫ সালে প্রথম বিআরডিবি থেকে ৮০০০/- টাকা ঋণ গ্রহণ করেন এবং তা দিয়ে একটি সেলাই মেশিন কেনেন। বিআরডিবি থেকে সেলাই এর উপর প্রশিক্ষণ নিয়ে দর্জির কাজ শুরুর করেন এবং বর্তমানে প্রতি মাসে প্রায় ১০,০০০-১২,০০০/- টাকা রোজগার করেন। চলতি অর্থবছর পর্যন্ত বিআরডিবি হতে তার ব্যক্তিগত ঋণ গ্রহণের পরিমাণ ১,৪৫,৫০০/- টাকা।

আঞ্জুমান আরা বেগম এখানেই থেমে থাকেননি। তিনি সমবায়ীদেরকে তাদের বাড়তি আয় সহ অন্যান্য আয়বৃদ্ধিমূলক কাজে নিয়োজিত করেছেন। এছাড়া ব্যক্তি জীবনে তিনি একজন আদর্শ গৃহিণী ও মা। সমিতির অন্যান্য সদস্যরা মনে করেন নিজের প্রচেষ্টা, যোগ্য নেতৃত্ব এবং প্রয়োজনীয় সহায়তা পেলে অন্যরাও সমবায়ের মাধ্যমে তাদের ভাগ্যের পরিবর্তন ঘটাতে পারেন।

স্বাক্ষরিত
(এস.এম.এ সোহেল)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
শ্যামনগর, সাতজ্জীরা।